

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতা ও বিজয়ের সুবর্ণজয়ন্তী
উদ্‌যাপন উপলক্ষে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৩ ডিসেম্বর ২০২১ খ্রি.
সভার সময়	দুপুর ০২.৩০ মিনিট
স্থান	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ (কক্ষ নং-৩০৯, ৪র্থ তলা)
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' সংযুক্ত

সকলকে শূভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য জনাব মোঃ আবুল কালাম তালুকদার, উপসচিবকে অনুরোধ করা হয়। তিনি সভায় জানান যে, নতুন প্রজন্মসহ সকলকে বঙ্গবন্ধুর আদর্শের শিখায় আলোকিত এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী লক্ষ্যে সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের মাহেদ্রক্ষণে আগামী ১৬ই ডিসেম্বর বিকাল ৪:৩০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী শপথ অনুষ্ঠান পরিচালনা করা হবে। উক্ত শপথ অনুষ্ঠানটি পরিচালনা করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের নিয়ন্ত্রণাধীন দপ্তর সংস্থাকে উৎসবমুখর পরিবেশে বিপুল অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠানটি আয়োজনের জন্য দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের উপস্থিতি ও বর্ণিত অনুষ্ঠানটি উৎসবমুখর করার লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ক) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন ৪ (চার) টি অধিদপ্তর হতে মোট ২৫০ জন (সুরক্ষা সেবা বিভাগ ৫০ জন, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ৫০ জন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৭৫ জন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ২৫ জন এবং কারা অধিদপ্তর ৫০ জন) কর্মকর্তা/কর্মচারীকে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:০০ ঘটিকায় আবশ্যিকভাবে কারা অডিটরিয়ামে (কারা অধিদপ্তর, ৩০/৩ উম্মেশদত্ত রোড, বকশীবাজার) উপস্থিত থেকে অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে হবে;
- খ) বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠান উদযাপনের জন্য অংশগ্রহণকারী সকল কর্মকর্তা/কর্মচারীগণকে আবশ্যিকভাবে ছোট আকারে (১০ ইঞ্চি x ৬ ইঞ্চি) জাতীয় পতাকায়ুক্ত পতাকা দল হাতে শপথ বাক্য পাঠ করার উদ্দেশ্যে কারা অডিটরিয়ামে উপস্থিত হতে হবে;
- গ) অংশগ্রহণকারী সকল কর্মকর্তা/কর্মচারীগণকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি কর্তৃক নির্ধারিত মাস্ক পরিধান করতে হবে (নমুনা সংযুক্ত);

ঘ) বর্ণিত অনুষ্ঠানটি সুষ্ঠুরূপে উদযাপনের জন্য কারা অডিটরিয়াম প্রস্তুত এবং অন্যান্য সার্বিক সহযোগিতা প্রদানের জন্য মহাপরিচালক, কারা অধিদপ্তর-কে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৯৯.০০৭.১৮.৮০৫

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবুল কালাম তালুকদার
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)